SHAKTI
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

শক্তি বার্তা - বর্ষ: ১৬, ফেব্রুয়ারি, ২০২৪

# শক্তি বার্তা

## অনুষ্ঠিত হলো শক্তি ফুটবল টুর্নামেন্ট-২০২৪ এর সিলেকশন রাউন্ড

"জমবে খেলা এবার মাঠে"- প্রথমবারের মতো অনুষ্ঠিত হলো শক্তি ফুটবল টুর্নামেন্ট-২০২৪। গত ১৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ মাঠ পর্যায়ে সিলেকশন রাউন্ড অনুষ্ঠিত হয়। ২৭টি রিজিওন থেকে গঠিত ২৪টি দলের মধ্যে মোট ১২টি ম্যাচ অনুষ্ঠিত হয়। ১২টি ম্যাচের মধ্যে বিজয়ী রিজিওনগুলো হলো- টাঙ্গাইল, রাজশাহী-জয়পুরহাট, ময়মনসিংহ, মাদারিপুর, চুয়াডাঙ্গা, মুন্সীগঞ্জ, ঢাকা নর্থ-সাউথ, নারায়নগঞ্জ, মৌলভীবাজার, চৌদ্দগ্রাম, নোয়াখালী, চট্টগ্রাম নর্থ-সাউথ। ১২টি ম্যাচের বিজয়ীদের মধ্যে থেকে সার্বিক ফলাফল বিবেচনায় বগুড়া জোন থেকে টাঙ্গাইল, ফরিদপুর জোন থেকে মুন্সীগঞ্জ, ফেনী জোন থেকে চট্টগ্রাম নর্থ-সাউথ এবং ভৈরব জোন থেকে মৌলভীবাজার সেমিফাইনালের জন্য কোয়ালিফাই করেন।






## শক্তি ফাউন্ডেশনের অমর একুশে পালন



"অমর ২১শে ফেব্রুয়ারি ২০২৪" মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করলো শক্তি ফাউন্ডেশন। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মো: ফসিউল্লাহ এর নেতৃত্বে ২১শে ফেব্রুয়ারির প্রভাত ফেরিতে শক্তি ফাউন্ডেশন এর কর্মকর্তাবৃন্দ অংশ নিয়ে ভাষা শহীদদের স্বরণে ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনারের বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন।

## গ্লোব কার্যক্রমের শুভ উদ্বোধন




শক্তি ফাউন্ডেশন, মার্কিন দূতাবাস, ঢাকা এবং ব্রাইটার্স সোসাইটি, বাংলাদেশে প্রথমবারের মতো গ্লোব প্রোগ্রামের উদ্বোধন হয়। গত ৫ই ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ কুমিল্লার নজরুল ইসলাম উচ্চ বিদ্যালয়ে, গ্লোব প্রোগ্রামের শুভ উদ্বোধন হয়। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যামি ক্যাস, ইকোনমিক অফিসার, মার্কিন দূতাবাস ঢাকা। এছাড়াও অনুষ্ঠানে শক্তি ফাউন্ডেশন ও ব্রাইটার্স সোসাইটির প্রতিনিধিবৃন্দসহ নজরুল ইসলাম উচ্চ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরাও উপস্থিত ছিলেন।

এই প্রোগ্রামের আওতায়, কুমিল্লার তিতাস উপজেলার লালপুর ইউনিয়নের নজরুল ইসলাম উচ্চ বিদ্যালয়ের, ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণীর শিক্ষার্থীরা (বয়স ১২-১৬) সহজ বৈজ্ঞানিক ডিভাইস ব্যবহার করে বিজ্ঞান, প্রযুক্তি, পরিবেশ এবং গণিত বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ লাভ করতে পারবেন। স্কুলের প্রশিক্ষিত শিক্ষকরা গবেষণা-ভিত্তিক কার্যক্রম পরিচালনা করবে যার মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে চিন্তার বিকাশ ঘটবে, বিজ্ঞান সম্মত গবেষণা পদ্ধতি ও তথ্য বিশ্লেষণ করার পাশাপাশি স্বাধীনভাবে শিক্ষার প্রেরণা বৃদ্ধিতে সহায়তা করবে।

The Global Learning and Observations to Benefit the Environment (GLOBE) প্রোগ্রাম টি ১৯৯৫ সালে শুরু হয়। বর্তমানে বিশ্বের ১২০ টিরও বেশি দেশ, ৩৭,০০০ টিরও বেশি স্কুল এবং বিশ্বব্যাপী ১০০ মিলিয়নেরও বেশি শিক্ষার্থী, শিক্ষক এবং বিজ্ঞানী এই প্রোগ্রামের সাথে জড়িত রয়েছে। এই প্রোগ্রামটি NASA, NOAA এবং US স্টেট ডিপার্টমেন্টের সাথে পার্টনারশীপ এ পরিচালিত হচ্ছে।

THE GLOBE PROGRAM
A Worldwide Science and Education Program


# দক্ষতা উন্নয়নে ট্রেনিং




ট্রেনিং ডির্পাটমেন্টের নিয়মিত কার্যক্রমের আওতায় ফেব্রুয়ারি মাসে বগুড়া, কুমিল্লার গৌরীপুরে অবস্থিত ট্রেনিং সেন্টারে ৩ টি ব্যাচে ৬৭ জন নতুন নিয়োগ প্রত্যাশি ট্রেইনি অফিসারদের (মাইক্রোফাইনান্স) প্রি-সার্ভিস ট্রেনিং এর পাশাপাশি ৩টি ব্যাচে ৪৯ জনের চূড়ান্ত মূল্যায়ন অনুষ্ঠিত হয়। স্টার্ক সাভারে ২০ জন নতুন একাউন্টেন্টদের নিয়ে প্রি-সার্ভিস ট্রেনিং অনুষ্ঠিত হয়। মাইক্রোফাইন্যান্স অফিসার এবং শাখা ব্যবস্থাপকদের অংশ্রগহণে মোট ১০টি ব্যাচে ২১৩ জনের অংশগ্রহণে রিফ্রেশার্স ট্রেনিং অনুষ্ঠিত হয়। এছাড়া প্রিপারেশন কোর্সের অংশ হিসেবে স্ক্রিনিং পর্বে সিনিয়র মাইক্রোফাইনান্স অফিসার/সিনিয়র এসএমই অফিসার থেকে টিবিএম পদে ২টি ব্যাচে ৫৯ জন এবং ব্যবস্থাপকীয় দক্ষতা উন্নয়ন পর্বে ২টি ব্যাচে ৪০ জনকে নিয়ে নিয়ে স্টার্ক সাভারে ট্রেনিং অনুষ্ঠিত হয়। এছাড়াও প্রিপারেশন কোর্স এর চূড়ান্ত পর্বে ১৩ জন ট্রেইনি ব্রাঞ্চ ম্যানেজারদের নিয়ে ম্যানেজার পদের জন্য ১টি ব্যাচ এবং ট্রেইনি এরিয়া সুপারভাইজার থেকে এরিয়া সুপারভাইজার পদের জন্য ১৬ জনকে নিয়ে আরো ১টি ব্যাচে ট্রেনিং অনুষ্ঠিত হয়।স্টার্ক সাভারে এ্যাডমিনিষ্টেশন ডির্পাটমেন্টের ১১ জন কর্মীদের অংশগ্রহণে ১টি ব্যাচে টিমবিল্ডিং বিষয়ক ট্রেনিং অনুষ্ঠিত হয়।

# নেতৃত্ব দিতে দরকার যে ৫ গুণ

আজ যাকে নেতৃত্বের আসনে দেখা যাচ্ছে, তিনি কিন্তু কর্মজীবনের প্রথম থেকেই সেখানে ছিলেন না। হুট করে কেউ নেতৃত্বের আসনে চলে যায় না। ধীরে ধীরে কিছু গুণের চর্চার মাধ্যমে নেতৃত্বে সফল হওয়া সম্ভব।





শক্তিশালী নেতৃত্বের জন্য সংবেদনশীল বুদ্ধিমত্তা প্রয়োজন, যা নিজের পাশাপাশি অন্যদের আবেগকে চিনতে ও বুঝতে সহায়তা করে। নেতৃত্ব দিতে নিজের পাশাপাশি অন্যদের বুঝতে হবে। হতে হবে সংবেদনশীল। তাহলে সবার কাছ থেকে সেরা কাজটা আদায় করে নেওয়া যাবে।




একজন ভালো নেতা অবশ্যই অন্যদের অনুপ্রাণিত করেন। কর্ম পরিকল্পনা তৈরি, সমস্যা সমাধান ও সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় কর্মীদের অংশগ্রহণের সুযোগ তৈরি করে দেন। কাজের সম্পূর্ণ ও সুনির্দিষ্ট দিকনির্দেশনা প্রদান করেন। ভাল কাজের প্রশংসা এবং স্বীকৃতি প্রদান করেন। যোগ্যতা অনুসারে বিশেষ কাজের দায়িত্ব প্রদান করে তাদের গড়ে তুলেন। কর্মীদের কাজের আইডিয়া গ্রহণ করে তা কাজে লাগানোর ব্যবস্থা করেন। কর্মী উন্নয়নে বিভিন্নমুখী উদ্যোগ গ্রহণ করেন।




সঠিক দিক নির্দেশনা প্রদান নেতার অন্যতম বৈশিষ্ট্য। আর সঠিক দিক নির্দেশনা দিতে প্রয়োজন যোগাযোগ দক্ষতা; যে নির্দেশনা দেওয়া হবে সেটি যেন অপরপক্ষ ভালোভাবে বুঝতে পারেন তা নিশ্চিত হতে হবে, তাহলেই কাংখিত ফলাফল অর্জন সম্ভব। একজন সফল নেতা মন দিয়ে সবার কথা শোনেন, তারা কী চায় সেটি বোঝার চেষ্টা করেন এবং সেই সাথে তিনি নিজে কী চান সেটিও অন্যদের বুঝিয়ে দেন।




সফল নেতাদের যে কোনো পরিস্থিতি শান্তভাবে মোকাবিলার করার নিজস্ব পন্থা থাকে। সঠিক সময়ে সেটি প্রয়োগ করেন। অতীত বা অনিবার্য ভবিষ্যত নিয়ে উদ্বিগ্ন না হয়ে বর্তমানের দিকে মনোযোগ দেওয়ার কৌশল গ্রহণ করে থাকেন। উদ্ভূত পরিস্থিতিতে বিচলিত না হয়ে শান্ত থেকে পরিস্থিতি বুঝে যাকে দিয়ে যে কাজ করালে ভালো হবে সেইভাবে নির্দেশনা দেন।




সঠিক পরিকল্পনা করতে পারা একটি কাজের সফলতার অন্যতম অংশ। একজন নেতা যেকোন কাজ শুরু করার আগে অনেক বিষয় বিবেচনায় নিয়ে পরিকল্পনা করার পাশাপাশি এর সুবিধা ও চ্যালেঞ্জের জায়গাগুলো আগে থেকেই নির্ধারণ করে রাখেন। সেই সাথে একাধিক পরিকল্পনা হাতে রাখেন, যাতে একটি পরিকল্পনা ব্যর্থ হলে অন্যটি প্রয়োগ করতে পারেন।

## প্রবীণ জনগোষ্ঠির মাঝে হুইল চেয়ার বিতরণ



শক্তি ফাউন্ডেশনের সমৃদ্ধি কর্মসূচির আওতায় প্রবীণ জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নের লক্ষ্যে গত ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে সমৃদ্ধি কর্মসূচির ইউনিট-০১ অফিস মাঠ প্রাঙ্গনে মজিদপুর ইউনিয়নের অসহায়, হতদরিদ্র, শারীরিক প্রতিবন্ধী ২ জনকে হুইল চেয়ার প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: নাজমুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার তিতাস। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শক্তি ফাউন্ডেশনের সমৃদ্ধি কর্মসূচির প্রধান ও ডিরেক্টর জনাব লিপি সাহাসহ অত্র উনিয়নের ইউপি সদস্য ও এলাকার অনেক গন্যমান্য ব্যক্তিবর্গ।

## শক্তি সমৃদ্ধি কর্মসূচির বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান



গত ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে শক্তি সমৃদ্ধি কর্মসূচির বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। শক্তি শিক্ষা সহায়তা কেন্দ্রের ছাত্র-ছাত্রীরা দেশত্ববোধক নাচ,গান, কবিতা আবৃতি পরিবেশন করেন।উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: নাজমুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার তিতাস।

## মিনা বেগমের এগিয়ে যাওয়ার গল্প



মিনা বেগম শক্তি ফাউন্ডেশনের সাভার চারাবাগ ৪৬০ নং শাখার একজন সদস্য। মিনা বেগম একজন সাধারণ গৃহিণী থেকে তিনটি নার্সারির মালিক। তার জীবনের পথচলা মোটেও সহজ ছিল না। বেশি লেখাপড়া করতে পারেননি অল্প বয়সে বিয়ে হয়ে যায়। অভাবের সংসারে তার স্বামীর আয়ে খুব কষ্টে জীবন নির্বাহ করতেন। একসময় মিনা বেগম তার সংসার খরচ থেকে জমানো টাকা দিয়ে কিছু করার চিন্তা করেন। স্বামীর সাথে পরামর্শ করে স্থানীয় এক ব্যবসায়ীর কাছ থেকে নার্সারি সম্পর্কে ধারণা নিয়ে দু'জনে মিলে ছোট্ট পরিসরে শুরু করেন। একসময় পুজির প্রয়োজন হয়, তখন প্রতিবেশীর কাছে শক্তি ফাউন্ডেশন এর কথা জানতে পারেন এবং সেখান থেকে ঋণ গ্রহণ করেন। বর্তমানে তিনি ৩ লক্ষ টাকা ঋণ পরিচালনা করছেন। সাভারের চারাবাগে ম্যাগনোলিয়া নামে ৩টি নার্সারি নার্সারি রয়েছে যা প্রায় ২.৩ একর জুড়ে বিস্তৃত। তার নার্সারি থেকে বিভিন্ন ধরণের ফল, সবজির চারা এবং গাছপালা সারা বাংলাদেশে বিক্রির জন্য পাঠানো হয়ে থাকে। শক্তি ফাউন্ডেশন থেকে ঋণ নিয়ে মিনা বেগমের পরিবারে এসেছে স্বচ্ছলতা। শক্তি পরিবার তার এই সফলতার অংশ হতে পেরে অত্যন্ত গর্বিত।

## শোক বার্তা



নিমসার কুমিল্লা (০৪৪১) নং শাখার এমএফও মনির হোসেন (ইআই.এন-১৭৭৪৪)গত ০৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ব্রেনস্টোক করে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। আমরা তার রুহের মাগফিরাত কামনা করছি এবং তার শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

# সাফল্য গাঁথা



ডা: মোঃ মেশকাত উজ জামান, এমবিবিএস (আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ), শক্তি ফাউন্ডেশনের হেলথ প্রোগ্রামের জোনাল হেড সাবিনা ইয়াসমিনের সন্তান। ছোটবেলা থেকেই তিনি অত্যন্ত মেধাবী ছাত্র ছিলেন। জেএসসি,এসএসসি, এইচএসসি পরীক্ষায় গোল্ডেন এ প্লাস পান এবং সকল ক্ষেত্রে ট্যালেন্টপুলে বৃত্তিও পান। ডা: মেশকাত উজ জামান বর্তমানে জাহানারা মেডিকেল ক্লিনিক উত্তরাতে মেডিকেল অফিসার হিসেবে কর্মরত আছেন। শক্তি পরিবার তার এই সাফল্যে অত্যন্ত গর্বিত।



ডাঃ শামিম ভুইয়া, এমবিবিএস (ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ এন্ড হাসপাতাল, টঙ্গী) শক্তি ফাউন্ডেশনের কটিয়াদী কিশোরগঞ্জ-০৩৫৯ শাখার সদস্য হাবিয়া খাতুন এর সন্তান। হাবিয়া খাতুন শক্তি ফাউন্ডেশনের ৬ বছরের সদস্য। ছোটবেলা থেকেই তিনি অত্যন্ত মেধাবী ছাত্র ছিলেন। ডাঃ শামিম ভুইয়া, বর্তমানে কটিয়াদির শারমিন ডায়াগনস্টিক সেন্টারে ডাক্তার হিসেবে কর্মরত আছেন। তিনি শক্তি ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত ফ্রি মেডিকেল ক্যাম্পে চিকিৎসাসেবা প্রদান করেন। শক্তি পরিবার তার এই সাফল্যে অত্যন্ত গর্বিত।

## এক নজরে শক্তি (ফেব্রুয়ারি ২৯, ২০২৪)

| মাইক্রোফাইন্যান্স শাখা | বিভাগ | জেলা | থানা | ইউনিয়ন |
|---|---|---|---|---|
| ৫১৮ টি | ৮ টি | ৫৫ টি | ৩৬৮ টি | ২,১৩৪ টি |

**সদস্য সংখ্যা**
৪৫৩,৬৪৬ জন

**ঋণী**
৩৫৪,৫৬৩ জন

**সঞ্চয় স্থিতি**
৯২৮.৮৭ কোটি টাকা

ঋণ বিতরণ (ক্রমাগত)
১৯,৩৪৬.৫২ কোটি টাকা

ঋণ স্থিতি
২৬৬৪.১২ কোটি টাকা

**ঋণ আদায়ের হার (চলতি)**
৯৫.১৬ %

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর,পল্লবী,ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৮৮৮১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd